

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০১.১৭-১৫৮

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৭

০৯ মার্চ ২০২১

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদানের অনুমতি প্রদানের বিষয়ে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানে নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদানের বিষয়ে আবেদন পত্র পাওয়া গেছে:

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	আবেদনের বিষয়
১	তাহিরা-হক বিজ্ঞান স্কুল, তাড়াশ, সিরাজগঞ্জ	নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
২	তারার মেলা ঈশান মেমোরিয়াল স্কুল, সদর, ফরিদপুর	নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৩	সানরাইজ কলেজ, উত্তরা, ঢাকা	নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৪	মাহমুদপুর জুনিয়র হাই স্কুল, দোহার, ঢাকা	মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৫	কছিম উদ্দিন নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, ধনাবাড়ী, টাঙ্গাইল	মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৬	দক্ষিণ মহেশপুর আদর্শ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, কাহারোল, দিনাজপুর	মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৭	দেবী ডাংগা আদর্শ বালিকা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, বীরগঞ্জ, দিনাজপুর	মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৮	সাজাপুর বেলপুকুর উচ্চ বিদ্যালয়, শাজাহানপুর, বগুড়া	উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি

০২। বর্ণিতাবস্থায়, উপর্যুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদানের লক্ষ্যে সরেজমিনে পরিদর্শনপূর্বক নিম্নোক্ত তথ্যাদি সন্নিবেশ/সংযুক্ত করে নির্ধারিত হুকে মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (১) প্রতিষ্ঠানের EIIN নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) ও ইমেইল ঠিকানা;
- (২) প্রতিষ্ঠানের নিজস্ব ভূমি ও নামজারি এবং খারিজ খতিয়ানের কপি (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে);
- (৩) ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণ হলে ব্যক্তির পরিচয় প্রতিবেদনে সন্নিবেশ করতে হবে এবং মন্ত্রণালয়ের ১০/০৪/২০০১ তারিখের প্রজ্ঞাপনের আলোকে ব্যক্তিনামে নামকরণের জন্য স্তরভিত্তিক নির্ধারিত টাকা যৌথনামে [(১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভাপতি (২) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক- সংশ্লিষ্ট ব্যাংকের প্রত্যয়নপত্র (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে); ও
- (৪) মাধ্যমিক পর্যায়ের পাঠদানের অনুমতির ক্ষেত্রে-৩বছরের জেএসসি পরীক্ষার ফলাফল (বছরভিত্তিক শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ) এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের ক্ষেত্রে- ৩ বছরের এসএসসি পরীক্ষার ফলাফল (বছরভিত্তিক ও বিভাগওয়ারি শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ)।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

০৯/০৩/২১

৯-৩-২০২১

আনোয়ারুল হক

উপসচিব

ফোন: ৯৫৪৫৭২০

ইমেইল: ds\_sec2@moedu.gov.bd

বিতরণ :

১) চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ

মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

রাজশাহী

৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

দিনাজপুর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০১.১৭-১৫৮/১(৫)

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৭

০৯ মার্চ ২০২১

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

২) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৪) অধ্যক্ষ/প্রধান শিক্ষক, .....

৫) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৯-৩-২০২১

আনোয়ারুল হক

উপসচিব